



WEST BENGAL STATE UNIVERSITY

B.A. Honours/Programme 3rd Semester Examination, 2019

BNGHGEC03T/BNGGCOR03T-BENGALI (GE3/DSC3)

Time Allotted: 2 Hours

Full Marks: 50

প্রান্তিক সীমার মধ্যস্থ সংখ্যাটি প্রশ্নেরমান নির্দেশ করে।
পরীক্ষার্থীদের নিজের ভাষায় যথা সম্ভব শব্দসীমার মধ্যে উত্তর দিতে হবে।

৫নং প্রশ্ন আবশ্যিক এবং প্রতিটি একক থেকে একটি করে প্রশ্ন নিয়ে আরও চারটি প্রশ্নের উত্তর দাও
(প্রতিটি উত্তরের শব্দসংখ্যা অনধিক ৩০০ হওয়া বাঞ্ছনীয়)

একক-১

- ১। জীবনী সাহিত্য কাকে বলে? একটি বাংলা জীবনী সাহিত্য সম্পর্কে আলোচনা করো। ৩+৭= ১০
অথবা
জীবনী সাহিত্য রচনার উৎস কী কী হ'তে পারে? জীবনী সাহিত্য রচনার সীমাবদ্ধতাগুলি নিয়ে আলোচনা করো। ৫+৫= ১০

একক-২

- ২। 'স্বামীজীকে যেরূপ দেখিয়াছি' গ্রন্থে স্বামীজীর উদার ধর্মশিক্ষা সম্পর্কে লেখিকার মতামত ব্যক্ত করো। ১০
অথবা
'স্বামীজীকে যেরূপ দেখিয়াছি' গ্রন্থের পঞ্চম পরিচ্ছেদে উত্তর ভারতের প্রাকৃতিক সৌন্দর্য বর্ণনা প্রসঙ্গে স্বামীজীর যে গভীর স্বদেশ প্রেমের পরিচয় পাওয়া যায় তা নিজের ভাষায় লেখো। ১০

একক-৩

- ৩। 'আত্মচরিত' গ্রন্থে শিবনাথ শাস্ত্রীর ব্যক্তিচরিত্র বিশ্লেষণ করো। ১০
অথবা
সাধারণ ব্রাহ্ম সমাজ প্রতিষ্ঠার কারণ কী? এই সমাজ প্রতিষ্ঠায় শিবনাথ শাস্ত্রীর ভূমিকা ব্যক্ত করো। ২+৮= ১০

একক-৪

- ৪। সত্যজিৎ রায়ের ছেলেবেলার দুটি বিচিত্র ঘটনার পরিচয় দাও। ৫+৫= ১০
অথবা
সত্যজিৎ রায়ের 'যখন ছোট ছিলাম' গ্রন্থটি জীবনী সাহিত্য হিসেবে কতখানি সার্থক আলোচনা করো। ১০
- ৫। নিম্নলিখিত যে-কোনো দুটি প্রশ্নের সংক্ষিপ্ত উত্তর দাওঃ (প্রতিটি উত্তরের শব্দ সংখ্যা অনধিক ১৫০ হবে) ৫× ২ = ১০
- (ক) জীবনী সাহিত্য পাঠের উপযোগিতা ব্যাখ্যা করো। ৫
- (খ) 'স্বামীজীকে যেরূপ দেখিয়াছি' গ্রন্থে স্বামীজীর সঙ্গে ভগিনী নিবেদিতার প্রথম সাক্ষাতের বিষয়টি সম্পর্কে সংক্ষেপে আলোকপাত করো। ৫
- (গ) বিধবা বিবাহ সম্পর্কিত শিবনাথ শাস্ত্রীর দু-একটি অভিজ্ঞতার বর্ণনা দাও। ৫
- (ঘ) 'যখন ছোট ছিলাম' গ্রন্থ অবলম্বনে গড়পাড়ের বাড়ি থেকে ভবানীপুরের বাড়িতে কী কী পরিবর্তন লক্ষ্য করেছিলেন সত্যজিৎ রায়, তা লেখো। ৫

—x—